

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা
www.lgd.gov.bd

৪৬.০৯৯.০১৪.০১.০১.০০৩.২০১৩-৫৫৫

তারিখ : ১৭/১০/২০১৬

বিষয় : স্থানীয় সরকার বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

স্থানীয় সরকার বিভাগের আওতায় ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলাপরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশনের মাধ্যমে অবকাঠামো উন্নয়ন, সামাজিক নিরাপত্তা কর্মসূচী বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া এলজিইডি, ডিপিএইচই, ওয়াসার মাধ্যমে বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। যার মধ্যে রয়েছে রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট, নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা।


সরকারের উন্নয়ন বাজেটের একটা বড় অংশ স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। এসকল কর্মকান্ডের যথাযথ মনিটরিং করার জন্য জেলা পর্যায়ে ডিডিএলজিগণের ভূমিকা গুরুত্বপূর্ণ। তৃণমূল পর্যায়ে ইউনিয়ন, উপজেলা ও জেলা পর্যায়ে স্থানীয় সরকার বিভাগের উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন হারের উপর APA(Annual Performance Agreement)-'র সফলতা নির্ভরশীল।

এ ছাড়াও ইউনিয়ন পরিষদসমূহের বার্ষিক কর্মদক্ষতা মূল্যায়ন ফরমসমূহ পূরণপূর্বক প্রেরণের জন্য ইতোপূর্বে পত্র দেয়া হয়েছে। উক্ত কর্মদক্ষতা মূল্যায়ন ফরমসমূহ পূরণপূর্বক যথাসময়ে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।

স্থানীয় সরকার বিভাগ হতে বিগত ১৪-০৭-২০১৩খ্রিঃ তারিখের পত্র নং-৪৬.০৯৯.০১৫.০১.০০.০০২.২০১০-৭৯ এ জারীকৃত অফিস আদেশে জেলা পর্যায়ে উপ-পরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি) গণের কর্মপরিধির (ToR) উল্লেখ রয়েছে।

জেলা পর্যায়ে উপ-পরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি)-এর কর্মপরিধিতে (ToR) প্রতি মাসে উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ, ২য় ও ৩য় শ্রেণীর পৌরসভা পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। স্থানীয় সরকার বিভাগের আওতায় প্রত্যক্ষভাবে বাস্তবায়নাধীন প্রকল্পের কার্যক্রম পরিদর্শন এবং এলজিইডি, ডিপিএইচই, ওয়াসার ও অন্যান্য সংস্থার কার্যক্রম পরিদর্শনপূর্বক প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। কিন্তু সেই আলোকে নিয়মিত প্রতিবেদনসমূহ পাওয়া যাচ্ছেনা। যার ফলে ADP সঠিকভাবে বাস্তবায়ন ব্যাহত হচ্ছে।

এমতাবস্থায় প্রতিমাসে কর্মপরিধির আলোকে সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন এবং উন্নয়ন প্রকল্পসমূহ পরিদর্শনপূর্বক প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(শরীকী আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪৬১১

উপ-পরিচালক,
স্থানীয় সরকার (সকল জেলা)।

অনুলিপি :

- ০১। বিভাগীয় কমিশনার (সকল)।
- ০২। জেলা প্রশাসক (সকল)।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার (সকল বিভাগ)।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।